
Advertisement




আনন্দবাজার পত্রিকা অনলাইন

৩১ মে ২০২৪

প্রথম পাতা দিল্লিবাড়ির লড়াই কলকাতা পশ্চিমবঙ্গ দেশ বিদেশ সম্পাদকের পাতা খেলা বিনোদন জীবন + ধারা ভিডি

Anandabazar / Education Career / Jadavpur University will recruit for the post of JRF in a WBDSTBT funded research project dgtl

## JU Recruitment 2024

# যাদবপুর বিশ্ববিদ্যালয়ে গবেষণার কাজে কর্মী নিয়োগ, যোগাবে রাজ্য সরকারি দফতর

প্রকল্পে আবেদনকারীদের বয়স হতে হবে ২৮ বছরের মধ্যে। নিযুক্ত ব্যক্তির সাম্মানিক হবে মাসে ২৫,০০০ টাকা।




যাদবপুর বিশ্ববিদ্যালয়। সংগৃহীত ছবি।

**আনন্দবাজার অনলাইন সংবাদদাতা**

কলকাতা শেষ আপডেট: ৩০ মে ২০২৪ ১৫:৫৮

Share: Save:

যাদবপুর বিশ্ববিদ্যালয়ে গবেষণাধর্মী কাজের সুযোগ। সম্প্রতি বিশ্ববিদ্যালয়ের তরফে এই মর্মে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ে স্তন ক্যানসার শনাক্তকরণ সংক্রান্ত গবেষণার কাজে কর্মী প্রয়োজন। প্রকল্পের জন্য অর্থ সাহায্য করবে পশ্চিমবঙ্গ রাজ্য সরকার। এর জন্য প্রার্থীদের যোগ্যতা যাচাই করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। তাঁদের আগে থেকে আবেদনপত্র পাঠানোর প্রয়োজন পড়বে না।

ADVERTISEMENT
Ads by

বিশ্ববিদ্যালয়ের সল্টলেক ক্যাম্পাসে ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগে গবেষণা প্রকল্পের কাজ হবে। প্রকল্পটির নাম— 'অ্যান এফপিজিএ বেসড সেমি-অটোমেটেড ব্রেস্ট ক্যানসার স্ক্রিনিং সিস্টেম'। প্রকল্পটি রাজ্যের ডিপার্টমেন্ট অফ সায়েন্স অ্যান্ড টেকনোলজি অ্যান্ড বায়োটেকনোলজি (ডিএসটিবিটি)-র অর্থপুষ্ট।

প্রকল্পে জুনিয়র রিসার্চ ফেলো পদে নিয়োগ হবে। শূন্যপদ রয়েছে একটি। প্রকল্পের কাজে প্রথমে এক বছরের জন্য কর্মী নিয়োগ করা হলেও পরবর্তীকালে এই মেয়াদ বাড়ানো হতে পারে। প্রকল্পে আবেদনকারীদের বয়স হতে হবে ২৮ বছরের মধ্যে। নিযুক্ত ব্যক্তির সাম্মানিক হবে মাসে ২৫,০০০ টাকা।

**আরও পড়ুন:**

আনন্দবাজার পত্রিকা অনলাইন
ছ'মাসব্যাপী সার্টিফিকেট কোর্সের আয়োজন কল্যাণী বিশ্ববিদ্যালয়ের, কোন বিষয়ে?

আনন্দবাজার পত্রিকা অনলাইন
রবীন্দ্রসঙ্গীত-সহ অন্যান্য বিষয়ে পিএইচডির সুযোগ, রেজিস্ট্রেশন শুরু রবীন্দ্রভারতীতে

আনন্দবাজার পত্রিকা অনলাইন
আর্কাইভাল নথি ডিজিটাইজ়েশন সংক্রান্ত কাজে কর্মী প্রয়োজন আইএসআই কলকাতায়, শূন্যপদ ক'টি?

Advertisement

## আরও পড়ুন

আনন্দবাজার পত্রিকা অনলাইন
সাংসদ, বিধায়কদের সুপারিশে স্কুলে আসনবৃ সম্ভব! শিক্ষা সংসদের বিজ্ঞপ্তি ঘিরে বাড়ছে বিত

আনন্দবাজার পত্রিকা অনলাইন
পড়াশোনা ও গবেষণা শে হলে ছাড়তে হবে হোস্টে নয়া নির্দেশিকা যাদবপুরে

আবেদনকারীদের কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন টেকনোলজি/ ইলেক্ট্রনিক্স/ ইলেক্ট্রিক্যাল/ ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ে বিই/ বিটেক-এর পাশাপাশি গেট-এ উত্তীর্ণও হতে হবে। এ ছাড়াও যোগ্যতার অন্যান্য মাপকাঠি রয়েছে।

আরও পড়ুন:

আনন্দবাজার পত্রিকা অনলাইন

**সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়ায় কলকাতা-সহ অন্যত্র চাকরির সুযোগ, কতগুলি শূন্যপদ রয়েছে?**

আনন্দবাজার পত্রিকা অনলাইন

**কেন্দ্রীয় সংস্থা এনটিপিসি লিমিটেডে কর্মখালি, কোন কোন পদে চাকরির সুযোগ?**

আগামী ৭ জুন সংশ্লিষ্ট বিভাগে সকাল ১১টায় নিয়োগের ইন্টারভিউয়ের আয়োজন করা হবে। ওই দিন বিশ্ববিদ্যালয়ের ইনফরমেশন সেন্টার থেকে ৫০ টাকার বিনিময়ে সংগৃহীত আবেদনপত্র-সহ অন্যান্য নথি নিয়ে প্রার্থীদের যথাস্থানে উপস্থিত হতে হবে। এই বিষয়ে আরও জানতে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট দেখে নিতে হবে প্রার্থীদের।

(সবচেয়ে আগে সব খবর, ঠিক খবর, প্রতি মুহূর্তে। ফলো করুন আমাদের **Google News, X (Twitter), Facebook, Youtube, Threads** এবং **Instagram** পেজ)

অন্য বিষয়গুলি: Jadavpur University WB Govt Jobs WB Govt Job Recruitment 2024 Govt Job Vacancy 2024

সবচেয়ে আগে সব খবর, ঠিক খবর, প্রতি মুহূর্তে। ফলো করুন আমাদের মাধ্যমগুলি:

আনন্দবাজার পত্রিকা অনলাইন

**ফরেস্ট্রি নিয়ে পিএইচডি করার সুযোগ, কারা আবেদন করতে পারবেন**

Advertisement




Advertisement

## আরও পড়ুন